

**জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলের ২০২০-২১ অর্থবছরের বাস্তবায়িত ডিজিটাল সেবা ও সেবা সহজীকরণের তথ্যাদি নিম্নরূপ:**

১। **ডিজিটাল প্রযুক্তিতে যোগাযোগ:** ডিজিটাল প্রযুক্তিতে সেবাপ্রার্থীদের সাথে যোগাযোগের জন্য ইতোমধ্যে একটি ডিজিটাল সফটওয়্যার তৈরি করা হয়েছে। উক্ত সফটওয়্যার বাস্তবায়ন হওয়ায় নির্ধারিত পদ্ধতিতে গ্র্যাপসের কলামসমূহ পূরণ করে মাত্র ১ মিনিটে অসংখ্য সেবাপ্রার্থীর নিকট এস এম এস প্রেরণ (Send) করা সম্ভব হয়। প্রয়োজন হলে উক্ত সফটওয়্যারের মাধ্যমে এস এম এস করে তদন্তের তারিখ, তদন্ত অনুষ্ঠান স্থগিত করা, পরবর্তী সময়ের তারিখ অবহিত করা এবং বর্ণিত বিষয়ে হালনাগাদ তথ্যাদিসহ চূড়ান্ত ফলাফল সম্পর্কে অবহিত করে সহজে সেবা প্রদান সম্ভব হচ্ছে।

২। **হেল্প ডেস্ক স্থাপন:** জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলের ১৩তম তলায় সেবাপ্রার্থী/মুক্তিযোদ্ধা বা তার পরিবার/প্রতিনিধিদের সুবিধার্থে ১টি সুন্দর হেল্প ডেস্ক স্থাপন করা হয়েছে। এখানে একজন দক্ষ কর্মচারীকে পদায়ন করা হয়েছে। উক্ত হেল্প ডেস্কে কম্পিউটার, প্রিন্টার, স্ক্যানারসহ ইন্টারনেট সংযোগ রাখা হয়েছে। শতশত সেবাপ্রার্থী এখান থেকে তাদের চাহিত তথ্যাদিসমূহ জেনে উপকৃত হচ্ছে।

৩। **মুজিব কর্ণার কাম লাইব্রেরী স্থাপন:** জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলের ১৩তম তলায় মুক্তিযোদ্ধার, মুক্তিযোদ্ধা পরিবারের সার্বিক কল্যাণের/ মুক্তিযুদ্ধের চেতনা সম্প্রসারণের লক্ষ্যে একটি সুন্দর মুজিব কর্ণার কাম লাইব্রেরী স্থাপনের কাজ সম্পন্ন করা হয়েছে। এখানে সেবাপ্রার্থীদের বসার জন্য সোফা সেট, টিভি সেট, বুকসেল, বজ্রবন্ধুর ছবি ইত্যাদি স্থাপন করা হয়েছে। এছাড়া বজ্রবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবনী সম্পর্কিত তথ্য, উল্লেখযোগ্য বাণী, ভিডিও চিত্র, মুক্তিযুদ্ধ সম্পর্কিত বই পুস্তক সংগ্রহ করা হয়েছে।

**জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলের গৃহীত ক্ষুদ্র উন্নয়ন প্রকল্পসমূহ:**

১। **সেবাপ্রার্থীদের বসার ব্যবস্থার উন্নয়ন:** বীর মুক্তিযোদ্ধা এবং তাদের উত্তরাধিকারীগণ বিভিন্ন প্রয়োজনে প্রতিদিন জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলে আসেন। যাচাই-বাহাই চলাকালে কখনো কখনো পাঁচ শতাধিক প্রার্থীর আগমন ঘটে। দাপ্তরিক প্রয়োজনে তাদের দীর্ঘ সময় অপেক্ষা করতে হয়। তাই সেবাপ্রার্থীদের বসার জন্য সুবিধাজনক স্থান নির্ধারণ করা হয়। উক্ত স্থানে সারিবদ্ধভাবে বসার জন্য চেয়ার ক্রয় করাসহ উন্নতমানের ফ্যান স্থাপন করা হয়েছে। তাঁদের জন্য পানি পানের ব্যবস্থাসহ অন্যান্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে অফিসে কাজের পরিবেশ সৃষ্টি করা হয়েছে।

২। **প্রয়োজনীয় অফিস স্পেস সংস্থান:** জাতীয় স্কাউট ভবনের ১৩ তলার উত্তর পার্শ্বে ২২৭৫ বর্গফুট ফ্লোর স্পেস ভাড়া নেয়া হয়েছে। উক্ত স্পেসে প্রয়োজনীয় ডেকোরেশন কাজ সম্পন্ন করে অতিরিক্ত অংশে কয়েকটি শাখা স্থানান্তর করা হয়েছে।



মোঃ সৌদিম ফকির  
যুগ্ম সচিব  
পরিচালক (প্রশাসন ও অর্থ)  
জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল  
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়